কোটচাঁদপুরে গাড়ি থেকে পড়ে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে পিতার মোটরচালিত ভ্যান (করিমন) গাড়ি থেকে পড়ে তন্ময় নামে ৪ বছরের এক শিশু সন্তানের মর্মান্তিক মৃত্য হয়েছে। মঙ্গলবার (১৭ আগষ্ট) বেলা ১২ টার দিকে উপজেলার কুশনা ইউনিয়নের তালশার গ্রামে এদূর্ঘটনা ঘটে।

স্থানীয় প্রতিবেশীরা জানায়, মঙ্গলবার বেলা ১২ টার দিকে শিশুটি তার বাবার মোটরচালিত ভ্যান (করিমন) গাড়িতে বসে কৃষি কাজ করে মাঠ থেকে বাড়িতে ফিরছিল। পথিমধ্যে বাড়ির অদূরেই শিশুটি অসাবধানতাবশত গাড়ি থেকে সড়কের উপর পড়ে যায়। এসময় সে মাথায় গুরতর আঘাত পায়।

স্থানীয়রা তাকে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

ঝিনাইদহে আ’লীগ এমপি’র মেয়ে নিয়ে লাপাত্তা স্বেচ্ছাসেবক দলের সভাপতি

রাজনীতির মাঠে বিরোধ আছে। আছে আদর্শগত মতপার্থক্য। কিন্তু প্রেম ভালোবাসা মানে না কুটিল রাজনীতি ও আদর্শগত মতপার্থক্যের বেড়াজাল। যুগে যুগে প্রেম অমর অবিনশ্বর। তাইতো প্রেমের টানে ঘর ছেড়েছেন ঝিনাইদহ সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য আ’লীগ নেত্রী খালেদা খানমের মেয়ে সোহেলী আহম্মদ ও জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি সাজেদুর রহমান পপ্পু।

তাদের এই অজানার উদ্দেশ্যে পাড়ি জমানোর খবর ঝিনাইদহ শহরে টক অব দি টাউনে পরিণত হয়েছে। এ ঘটনায় সোহেলীর স্বামী বিল্লাল হোসেন

লিটন বাদি হয়ে ঝিনাইদহ সদর থানায় একটি অপহরণ মামলা দায়ের করেছেন।

জানা যায়, ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত আসনের সংসদ সদস্য খালেদা খানম’র মেয়ে সোহেলী আহম্মেদ শহরের ০৩ নং পানির ট্যাংকীপাড়ায় মায়ের বাসায় থাকতেন। প্রতিবেশী ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি সাজেদুর রহমান পপ্পুর সাথে সোহেলীর পরকীয়া প্রেমের সম্পর্ক গড়ে ওঠে।

গত ১১ আগস্ট সন্ধ্যায় তারা অজানার উদ্দেশ্যে পাড়ি জমায়। এ ঘটনার পর সোহেলীর স্বামী বিল্লাল হোসেন লিটন বাদি হয়ে সাজেদুর রহমান পপ্পু ও একই এলাকার তৌফিক হোসেনের নাম উল্লেখ করে ঝিনাইদহ সদর থানায় একটি অপহরণ মামলা দায়ের করেন।

মামলায় উল্লেখ করা হয়, বেশ কয়েকদিন যাবত সোহেলীকে আসামীরা উত্যক্ত করাসহ বিভিন্ন ভাবে প্রলোভন দেখিয়ে আসছিল। ১১ আগস্ট সন্ধ্যায় সোহেলীকে পপ্পু ও তৌফিক অপহরণ করে নিয়ে যায়। এ ব্যাপারে বিল্লাল হোসেন লিটন বলেন, প্রায় এক সপ্তাহ পার হয়ে গেলেও আমার স্ত্রীকে পুলিশ উদ্ধার করতে পারেনি।

সংরক্ষিত মহিলা আসনের এমপি খালেদা খানম বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন, তার রানৈতিক প্রতিপক্ষ তার অবস্থান ও সম্মান ক্ষুন্ন করার জন্য মেয়েকে অপহরণ করেছে। তিনি তার মেয়ের জীবন নিয়ে আশংকা প্রকাশ করে আবেগজড়িত কন্ঠে জানান, অপহরণের পর তার মেয়ে বেঁচে আছে কিনা তা নিয়েও আমি শংকিত। তিনি তার মেয়েকে অক্ষত ভাবে উদ্ধারের দাবী জানিয়েছেন।

ঝিনাইদহ সদর থানার পরিদর্শক (তদন্ত) এমদাদুল হক বলেন, তথ্যপ্রযুক্তি ব্যবহার করে তাদের অবস্থান নিশ্চিত সনাক্ত করার চেষ্টা চলছে। তবে এটি অপহরণ নাকি প্রেমের সম্পর্কের জের ধরে স্বেচ্ছায় বাড়ি ছেড়েছেন তা সোহেলীকে উদ্ধারের পর নিশ্চিত হওয়া যাবে। মামলাটি ঝিনাইদহ সদর থানার এসআই আজিজুল ইসলাম তদন্ত করছেন।

উল্লেখ্য, মহিলা এমপির কন্যা সোহেলীর ১০ বছরের একটি মেয়ে রয়েছে। তিনি সম্প্রতি ঝিনাইদহ সিদ্দিকীয়া আলীয়া মাদ্রাসায় চাকরীও নিয়েছেন। অন্যদিকে সাজেদুর রহমান পপ্পুর স্ত্রী শৈলকুপার একটি ডিগ্রী কলেজের শিক্ষক। এই দম্পত্তির ও সন্তান রয়েছে।

ঝিনাইদহে সাবেক প্রতিমন্ত্রী ও এমপি আব্দুল হাই করোনায় আক্রান্ত

ঝিনাইদহে জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ শৈলকূপা ১ আসনের জাতীয় সংসদ সদস্য আব্দুল হাই করোনায় আক্রান্ত হয়েছেন। তিনি ঢাকার স্কয়ার হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিচ্ছেন। তার সুস্থতা কামনা করে জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে বিবৃতি দেওয়া হয়েছে।

পারিবারিক ও দলীয় সূত্রে জানা যায়, গত কয়েকদিন ধরে বাসায় জ্বর ও কাশিতে ভুগছিল। গতকাল তার করোনার নমূনা পরীক্ষা করালে রিপোর্ট পজিটিভ আসে।বর্তমানে তিনি বেসরকারী হাসপাতালে চিকিৎসা সেবা নিচ্ছেন।
পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে তার শারীরিক অবস্থা আগের চাইতে অনেক ভালো। তার সুস্থতার জন্য সকলের কাছে দোয়া ও প্রার্থনা চেয়েছেন।

এদিকে সাবেক মৎস্য ও প্রাণী সম্পদ প্রতিমন্ত্রী ও এমপি আব্দুল হাইয়ের সুস্থতা কামনা করে বিবৃতি দিয়েছেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর মেয়র সাইদুল করিম মিন্টু, যুগ্ন সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, সহ-সভাপতি মকবুল হোসেন, ইসমাইল হোসেন, সাংগঠনিক সম্পাদক এম এ হাকিম, জেলা আওয়ামীলীগের নেতা সদর উপজেলা চেয়ারম্যান আব্দর রশিদ, জেলা আওয়ামীলীগের দপ্তর সম্পাদক আসাদুজ্জামান আসাদ, পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, শৈলকুপা উপজেলা আওয়ামীলীগের আহবায়ক মতিয়ার রহমান বিশ্বাস, যুগ্ন আহবায়ক সরোয়ার জাহান বাদশা, জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শফিকুল ইসলাম শিমুল, জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল সহ নেতৃবৃন্দ।

বিবৃতিতে তারা বলেন, বর্ষীয়ান আওয়ামীলীগ নেতা আব্দুল হাই এমপি করোনায় আক্রান্ত হওয়ায় দ্রুত তার সুস্থতা কামনা করেছেন। আল্লাহ রাব্বুল আলামিন যেন তার দ্রুততার সহিত আরোগ্য লাভ করে সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে এসে মানুষের সেবা করার তাওফিক দান করেন।

নবগঙ্গা নদীতে পানির গতি বৃদ্ধি করতে কচুরিপানা এবং আবর্জনা অপসারণ

ঝিনাইদহের ঐতিহ্যবাহী নবগঙ্গা নদী রক্ষা,নদীতে স্রোতের গতি বৃদ্ধি ও নির্মল জলধারা তৈরি করতে ঝিনাইদহের পৌর মেয়র সাইদুল করিম মিন্টু’র নেতৃত্বে এবং নবগঙ্গা রক্ষা পরিষদের সার্বিক সহযোগিতায় নবগঙ্গা নদী থেকে কচুরিপানা এবং আবর্জনা অপসারণ কার্যক্রম শুরু করা হয়েছে।

আজ সোমবার সকাল ৮টার সময় এই কাজের শুভ উদ্বোধন করেন মেয়র সাইদুল করিম মিন্টু। এসময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের নেতা মাসুদ আহম্মেদ সন্জুসহ ঝিনাইদহ নদীরক্ষা পরিষদের নেতৃবৃন্দ।মেয়র সাইদুল করিম মিন্টু ঝিনাইদহের কণ্ঠ প্রতিবেদক কে বলেন, নদী বাঁচলে দেশ বাঁচবে, নদীর স্বাভাবিক গতি ফিরিয়ে আনার জন্য জরুরি ভিত্তিতে কচুরিপানা পরিষ্কারের কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। সম্পূর্ণরূপে অপসারণ না হওয়া পর্যন্ত এ কার্যক্রম চলমান থাকবে।

জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা

উত্তোলন করেনি ঝিনাইদহের আল-আরাফা ইসলামি ব্যাংক

সরকারি নির্দেশ অমান্য করে বঙ্গবন্ধুর ৪৬তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা উত্তোলন করেনি ঝিনাইদহের আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড।

সরকারের নির্দেশনা ছিল জাতীয় শোক দিবসে সকল সরকারি বে-প্রতিষ্ঠান ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানে সকালে সূর্য উঠার পর থেকে সূর্য ডোবার আগ পর্যন্ত জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে।

কিন্তু ঝিনাইদহের ব্যাংকের এই শাখায় কোন পতাকা চোখে পড়েনি। রবিবার (১৫ আগস্ট) দুপুরে এমন অবস্থা দেখে সংশ্লিষ্ট এক কর্মকর্তার কাছে জানতে চাইলে তিনি কোন সদুত্তর দিতে পারেন নি।

বিষয়টি ক্ষতিয়ে দেখার জন্য প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন এলাকাবাসী।

হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধুর ৪৬তম শাহাদত বাষির্কী ও জাতীয় শোক দিবস পালিত

হরিণাকুণ্ডুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৬ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ নিবেদন, আলোচনা সভা, দোয়া মাহফিল, বৃক্ষরোপণ, যুব ঋণের চেক বিতরণ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। রবিবার সকালে উপজেলা পরিষদের সামনে বঙ্গবন্ধুর ম্যুরালে উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পন করে হরিণাকুণ্ডু

থানা পুলিশ, হরিণাকুণ্ডু পৌরসভা, মুক্তিযোদ্ধাকমান্ড, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগসহ উপজেলার বিভিন্ন দপ্তর ও বিভিন্ন শ্রেনীপেশার মানুষ। পরে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তে নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন সংসদ সদস্যের প্রতিনিধি রওশন আলী, সহকারী কমিশনার ভূমি সেলিম আহম্মেদ, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রহিম মোল্লা, পৌর মেয়র ফারুক হোসেন, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আফজাল হোসেন, স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক ফিরোজ সালাউদ্দিন প্রমূখ। সভাটি পরিচালনা করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা। আলোচনা শেষে উপজেলা যুবউন্নয়ন অধিদপ্তর কর্তৃক যুব ঋণের চেক বিতরণ ও উপজেলা প্রশাসন আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠান শেষে ১৫ আগষ্টে নিহতদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে হলিধানী এতিমখানার শিশুদের দিয়ে কোরআন খতম

ঝিনাইদহের হলিধানী ইউনিয়ন পরিষদের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আলোচনা সভা, দোয় মাহফিল ও এতিম খানার শিশুদের দিয়ে কোরআন খতমের আয়োজন কর হয়।
রবিবার সকালে ৪নং হলিধানী ইউনিয়ন পরিষদে এই আলোচনা সভা, দোয়া মাহফিল ও এতিমখানার শিশুদের দিয়ে কোরআন খতম করা হয়।
হলিধানী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ মতিয়ার রহমান এর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন ইউনিয়ন পরিষদের সচিব

মোঃ শওকত আলী, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজিজুর রহমান মাস্টার, ঝিনাইদহ সদর থানা যুবলীগের যুগ্ম আহ্বায়ক মোঃ হরুনর রশিদ। এসময় সকল ওয়ার্ডে এর মেম্বার, ইউনিয়ন আওয়ামী লীগের নেতৃবৃন্দসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।
আলোচনা শেষে ১৫ আগস্টে নিহত বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু ও তার পরিবারের সদস্যদের রুহের মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্টিত হয়।

ঝিনাইদহ হলিধানীতে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও দোয়া মাহফিল

৪নং হলিধানী ইউনিয়ন পরিষদে গতকাল রবিবার ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালিত ও হলিধানী এতিমখানার শিশুদের দিয়ে কোরআন খতম করা হয়। এসময় বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধুর ও তার পরিবারের সদস্যদের জন্য দোয়া করা হয়। উক্ত অনুষ্ঠান পরিচালনা করেন ৪নং হলিধানী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মোঃ মতিয়ার রহমান ও পরিষদের সচিব মোঃ শওকত আলী এছাড়াও উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামীলীগের সেক্রেটারি আজিজ মাষ্টর এবং ঝিনাইদহ সদর থানা যুবলীগের যুগ্ম আহ্বায়ক মোঃ হারুনুর রশিদ ও সকল ওয়ার্ড এর মেম্বার, স্থানীয় আওয়ামীলীগের সকল সদস্য ও গন্যমান্য ব্যক্তিবর্গ।

ঝিনাইদহে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালিত

ঝিনাইদহে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী পালিত হয়েছে। সকাল সাড়ে ৮টার সময় রাষ্ট্রের পক্ষে জেলা প্রশাসক মো: মজিবর রহমান ও পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম বঙ্গবন্ধু প্রেরণা ৭১এ পুস্পমাল্য অর্পণ করেন।

পরে সংরক্ষিত মহিলা আসনের এমপি খালেদা খানম, জেলা আওয়ামী লীগের সাধারণ সপাদক ও পৌরসভা মেয়র সাইদুল করিম মিন্টু ও জেলা পরিষদ চেয়ারম্যান কনক কান্তি দাসসহ মুক্তিযোদ্ধা, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর পক্ষ থেকে পুস্পমাল্য অর্পণ করা হয়। এছাড়া পরে জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে শোকর্যালী বের করা হয়।

শোকর্যালী শহরের প্রেরণা একাত্তর চত্বরে গিয়ে শেষ হয়। এছাড়াও দিনব্যাপী আলোচনা সভা, দোয়া মাহফিল ও কাঙ্গালী ভোজের আয়োজন করা হয়। জেলা শহরের পাড়া, মহল্লা ও প্রতিটি গ্রামে এই কর্মসুচি পালিত হচ্ছে।

ঝিনাইদহে জাতীয় পতাকা অর্ধনমিত না করায় কলেজ ভাংচুর

জাতীয় শোক দিবসে পতাকা অর্ধনমিত না করায় ঝিনাইদহে শহীদ জিয়াউর রহমান আইন মহাবিদ্যালয় ভাংচুর করেছে বিক্ষুব্ধ লোকজন। শনিবার সকালে শহরের বঙ্গবন্ধু সড়কে অবস্থিত কলেজে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানায়, সরকারি নির্দেশনা অনুযায়ী জাতীয় পতাকা অর্ধনমিত না করায় সকাল ১১ টার পর কলেজের মধ্যে কে বা কারা মিছিল করে।
এক পর্যায়ে তারা কলেজের অফিস কক্ষ ভাংচুর করে। এতে কলেজের মুল্যবান জিনিস ক্ষতগ্রস্থ হয়। খবর পেয়ে সদর থানা পুলিশ

ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। ঝিনাইদহ সদর থানার পরিদর্শক (ওসি) এমদাদুল হক বলেন, ঘটনাটি শুনেছি। সেখানে পুলিশ পাঠানো হয়েছে। এ ব্যাপারে কলেজে অধ্যক্ষ এ্যাড. এস এম মশিউর রহমান বলেন, দীর্ঘদিন কলেজটি বন্ধ রয়েছে। সেখানে একজন গার্ড নিয়োগ দেওয়া আছে। তিনি পতাকা টাঙ্গায়। আবার তিনিই নামান। কে বা কারা ভাংচুর করেছে তা আমি জানি না। উল্লেখ্য, ১৯৯৩ সালে শহরের বঙ্গবন্ধু সড়কে কলেজটি প্রতিষ্ঠিত হয়। সরকার অনুমোদিত এ প্রতিষ্ঠানটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত।